

Subject Bengali

2nd language

Worksheet

Class-2

Chapter-1

রবিবার

রবীন্দ্রনাথ ঠাকুর

কবিতার সার সংক্ষেপ-

বিশ্ব কবি রবীন্দ্রনাথ ঠাকুর এই কবিতাটি লিখেছিলেন। আমাদের বইতে কবিতাটি সংক্ষিপ্ত আকারে দেওয়া হয়েছে। এখানে কবি বলেছেন রবিবার অর্থাৎ সপ্তাহের এই দিনটি কেন এত দেরি করে আসে। সোমবার মঙ্গলবার বুধবার বৃহস্পতিবার শুক্রবার শনিবার প্রত্যেকটি বারের শেষে আসে রবিবার কারণ রবিবার দিনটি একটা ছুটির দিন সেখানে মজা করা যায় সারাদিন ইচ্ছা করলে খেলাও যায় কবি এই দিনটিকে ভালোবাসেন তাই এই দিনটি তিনি খুব তাড়াতাড়ি চান। তাই তার মায়ের কাছে প্রশ্ন কেন রবিবার দিনটি এত দেরি করে আসে, তার বাড়ি থেকে রবিবারের বাড়িটি অনেক দূরে আকাশের দিকে। যেখান থেকে আসতে অনেক সময় লাগে এবং তার কাছে কি কিছুই নেই আসার মত, সে কি তার মায়ের মত খুব গরিব ঘরের সেই জন্য রবিবারের আসতে এত দেরি হয়।

১) রবিবার কবিতাটি পড় এবং মুখস্থ লেখ।

২) নীচের প্রশ্ন গুলির উত্তর দাও।

ক) কবির নাম লেখো।

উঃ) কবিগুরু রবীন্দ্রনাথ ঠাকুর।

খ) কোথায় তার বাড়ি?

উঃ) আকাশ পারি তার বাড়ি।

Keyword -আকাশ পারে।

গ) কে এমন দেরী করে?

উঃ) রবিবার এমন দেরি করে।

Key word -রবিবার।

ঘ) কবি কাকে গরীব ঘরের মেয়ে বলেছেন?

উঃ) তার মাকে কবি গরীব ঘরের মেয়ে বলেছেন।

Key word -তার মাকে।

৩) শূন্যস্থান পূরণ কর।

ক) রবিবার কেনো মাগো এমন দেরি করে।

খ) আকাশ পারে তার বাড়িটি দূর কি সবার চেয়ে।

গ) সে বুঝি মা তোমার মতো গরীব ঘরের মেয়ে।

৪) সঠিক উত্তরটির নীচে দাগ দাও।

ক) (শুক্রবার/রবিবার) সে কেন মাগো এমন দেরি করে।

খ) (আকাশ পাড়ে/জলের ধারে) তার বাড়িটি দূর কি সবার চেয়ে।

গ) 'রবিবার' কবিতাটি লিখেছিলেন (রবীন্দ্রনাথ ঠাকুর /সুকুমার রায়)।

৫) সাতদিনের অর্থাৎ সকল বারের নাম লেখ।

উঃ) সোমবার, মঙ্গলবার, বুধবার বৃহস্পতিবার, শুক্রবার, শনিবার, রবিবার ।

বাড়ির কাজ : ,রবিবার' কবিতাটি মুখস্থ করো ও বানান শেখো।
